

এই মলিন বস্ত্র ছাড়তে হবে, হবে গো এইবার—

আমার এই মলিন অহংকার ॥

দিনের কাজে ধুলা লাগি অনেক দাগে হল দাগি,

এমনি তপ্ত হয়ে আছে সহ্য করা ভার ।

আমার এই মলিন অহংকার ॥

এখন তো কাজ সাজ হল দিনের অবসানে—

হল রে তাঁর আসার সময়, আশা এল প্রাণে ।

স্মান করে আয় এখন তবে প্রেমের বসন পরতে হবে,

সন্ধ্যাবনের কুসুম তুলে গাঁথতে হবে হার ।

ওরে আয়, সময় নেই যে আর ॥

---

Parjaay: Puja, Taal: Ektaal, Raag: Mishra Barwan

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail